গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১,সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

নং- ৫৮.০২.০০০০.০০৮.০০৬.৩৩.২১- ১১৪ তারিখঃ ০৪/০৬/২০২৩ ইং

**বিষয়ঃ মাদকাসক্তি চিকিৎসার ক্ষেত্রে অবশ্যই অনুসরণীয় সাধারণ বিষয় সম্বলিত নির্দেশনা প্রেরণ।**

সূত্রঃ সুরক্ষা সেবা বিভাগ, মাদক-১ শাখা এর স্মারক নং- ৮৬, তারিখঃ ২৪/০৫/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনকৃত মাদকসক্তি চিকিৎসার ক্ষেত্রে সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময়/ পুনর্বাসন কেন্দ্রগুলোর জন্য অবশ্যাই অনুসরণীয় সাধারণ বিষয় সম্বলিত নির্দেশনাটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০২ (দুই) পাতা।

০৪.০৬.২০২৩
(মোঃ মাসুদ হোসেন)
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
ফোনঃ ০২-২২৬৬৬৪৪০৪

১। চীফ কনসালটেন্ট
কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।

২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়,
ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ময়মনসিংহ।

৩। মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী/ চট্টগ্রাম/ খুলনা।

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থেঃ

১। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি/মাষ্টার কপি।

06.06.23
O/C
গ্রহণ করা হইল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১,সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

নং- ৫৮.০২.০০০০.০০৮.০০৬.৩৩.২১- ১১১ তারিখ- ৩১/০৫/২০২৩ইং

**বিষয়ঃ মাদকাসক্তি চিকিৎসার ক্ষেত্রে অবশ্যই অনুসরণীয় সাধারণ বিষয় সম্বলিত নির্দেশনা।**

সূত্রঃ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং- ৫৮.০০.০০০০.০৬১.৩১.০০২.২২.৮৬, তারিখঃ ২৪ মে ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জাতীয় মাদকবিরোধী কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সূত্রোল্লিখিত পত্রের অনুমোদন মোতাবেক মাদকাসক্তি চিকিৎসার ক্ষেত্রে অবশ্যই অনুসরণীয় সাধারণ বিষয় সম্বলিত নিম্নবর্ণিত নির্দেশনা জারী করা হলোঃ-

মাদকাসক্তি একটি মস্তিস্কের দীর্ঘমেয়াদী জটিল পুণঃআসক্তিমূলক রোগ। একজন মাদক নির্ভরশীল ব্যক্তিকে মাদকমুক্ত করতে প্রয়োজন দীর্ঘমেয়াদী সমন্বিত চিকিৎসা ব্যবস্থা। দেশে সরকারি ও বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময়/পুনর্বাসন/পরামর্শ কেন্দ্রগুলোতে মাদকাসক্তদের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময়/ পুনর্বাসন কেন্দ্রগুলোতে মাদকাসক্ত রোগীদের চিকিৎসার ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অবশ্যই অনুসরণ করতে হবে।

**(i) বহিঃবিভাগের মাধ্যমে রোগী ভর্তি/প্রাথমিক মূল্যায়নের সময়ঃ**

ক) মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এবং মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্রের বহিঃবিভাগের মাধ্যমে স্বেচ্ছায়/ ইচ্ছের বিরুদ্ধে ভর্তির সময় রোগীর রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক অন্যান্য আর্থসামাজিক তথ্য, আইনগত অভিভাবকের নাম, স্বাক্ষর সম্বলিত সম্মতিপত্রসহ, রোগ নির্ণয় ও মূল্যায়নপত্র, প্রেসক্রিপশন, ডোপ টেস্ট ও অন্যান্য ইনভেস্টিগেশন রিপোর্ট একটি ফাইলে সন্নিবেশিত থাকতে হবে, যা কমপক্ষে ৩ বছর যথাযথ নিরাপত্তা নিশ্চিতপূর্বক সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, কেন্দ্রসমূহে-

- ✓ রোগী ও তার অভিভাবকদের অপেক্ষার জন্য যথাযথ স্বাস্থ্যকর পরিবেশসহ বসার ব্যবস্থা থাকতে হবে;
- ✓ পরামর্শ প্রদান করার কক্ষে স্বাস্থ্যকর পরিবেশ ও গোপনীয়তা নিশ্চিত করতে হবে;
- ✓ পরামর্শ প্রদানকারীকে পূর্ণকালীন বা খন্ডকালীন মানসিক রোগ বিশেষজ্ঞ (Psychiatrist)/ক্লিনিক্যাল সাইকোলজিস্ট/ সাইকোলজিস্ট/মানসিক স্বাস্থ্য সেবায় নিয়োজিত পেশাজীবী হতে হবে;
- ✓ উপযুক্ত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি দ্বারা পরামর্শ গ্রহণকারী রোগীদের নাম, ঠিকানা, বয়স এবং রোগের সংক্ষিপ্ত ইতিহাস রেজিষ্টারে যথাযথ নিরাপত্তা নিশ্চিতপূর্বক ডিজিটালাইজড পদ্ধতিতে সংরক্ষণ করতে হবে;
- ✓ পরামর্শ/ব্যবস্থাপত্র সুস্পষ্টভাবে লিখিত এবং স্বাক্ষরযুক্ত হতে হবে। ব্যবস্থাপত্রের একপাশে পরামর্শ প্রদানকারীর নাম, পদবী উল্লেখ থাকতে হবে।

খ) মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে রোগী ভর্তি করার সাথে সাথে অবশ্যই মূত্র/ লালা নমুনার ৫ প্যানেল স্ট্রিপ ডোপ টেস্ট সম্পাদনপূর্বক পরীক্ষার ফলাফল রেজিষ্টারে নথিবদ্ধ করে দায়িত্বরত মেডিকেল অফিসারের প্রতিস্বাক্ষর নিতে হবে। ব্যবহৃত ৫ প্যানেল স্ট্রিপ ডোপ টেস্ট কিটে রোগীর রেজিস্ট্রেশন নম্বর, টেস্ট সম্পাদনের তারিখ, ফলাফল স্থায়ী কালিতে লিখে ১২ মাস সংরক্ষণ করতে হবে।

গ) মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ১৪ বছরের উর্ধ্বে কিশোরী, মহিলা রোগী ভর্তির সাথে সাথে অবশ্যই মূত্র নমুনার প্রেগন্যান্সি টেস্ট সম্পাদনপূর্বক পরীক্ষার ফলাফল রেজিষ্টারে নথিবদ্ধ করে দায়িত্বরত মেডিকেল অফিসারের প্রতিস্বাক্ষর নিতে হবে। ব্যবহৃত প্রেগন্যান্সি টেস্ট কিটে রোগীর রেজিষ্ট্রেশন নম্বর, টেস্ট সম্পাদনের তারিখ স্থায়ী কালিতে লিখে ৬ মাস সংরক্ষণ করতে হবে।

**(ii) অন্তঃবিভাগে ভর্তিকালীন সময়ঃ**

ক) মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত রোগীর ডিটক্সিফিকেশনের পূর্বে অবশ্যই একজন মনোরোগ বিশেষজ্ঞ অথবা মনোরোগ বিষয়ে কমপক্ষে ১ বছরের প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসকের মাধ্যমে মূল্যায়ন করে যথাযথ মানসিক ও অন্যান্য শারীরিক রোগ, রোগের তীব্রতা, গ্রহণকৃত মাদকের প্রকার নির্ণয় ও নথিভুক্ত করে লিখিত চিকিৎসা পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

খ) ভর্তিকালীন সময়ে রোগীকে কোনরুপ শারীরিক আঘাত, গালি দেয়া, অপমান করা যাবে না। তবে আক্রমানত্মক রোগীকে ডি-এসকেলেশন টেকনিক প্রয়োগ, থেরাপিউটিক কমিউনিটি চিকিৎসা পদ্ধতির আলোকে এনকাউন্টার গ্রুপের পুশআপ, ডিমোশন, নিজের বিছানা গোছানো ইত্যাদি এবং কন্টিনজেন্সি ট্রিটমেন্টের আলোকে পুরস্কার, তিরস্কার, নেগেটিভ রি-ইনফোর্সমেন্ট অপমান হিসেবে গণ্য হবে না।

গ) ভর্তিকৃত রোগীর নিরাপদ ডিটক্সিফিকেশন নিশ্চিত করতে কমপক্ষে ১৪ দিন থেকে ২৮ দিন চিকিৎসক, নার্সের তত্ত্বাবধানে প্রেসক্রিপশন অনুসারে ঔষধ সেবন এবং নিয়মিত রক্তচাপ, পালস রেট রেকর্ড করতে হবে।

ঘ) ভর্তিকালীন সময়ে মনোরোগ বিশেষজ্ঞ অথবা মনোরোগ বিষয়ে কমপক্ষে ১ বছরের প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসক রোগীর আইনগত অভিভাবকের সাথে রোগীর সরাসরি সাক্ষাৎ রোগীর চিকিৎসার জন্য ক্ষতিকর মর্মে লিখিত মতামত দিলে রোগীকে বিচ্ছিন্ন রাখা যাবে। তবে সিসি ক্যামেরার মাধ্যমে অবশ্যই রোগীর প্রকৃত অবস্থা শুধুমাত্র রোগীর আইনগত অভিভাবককে দেখাতে হবে।

ঙ) প্রতি ১ মাস অন্তর পারিবারিক সাক্ষাৎ এর আয়োজন করতে হবে। অভিভাবক কোন কারণে আসতে অপারগ হলে বা চিকিৎসাগত কারণে সাক্ষাৎ থেকে বিরত রাখা হলে তা ফাইলে লিপিবদ্ধ করতে হবে।

চ) নিরাপদ ডিটক্সিফিকেশন শেষে তাকে মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্রে বা একই প্রতিষ্ঠানের পুনর্বাসন অংশে স্থানান্তর করতে হবে।

ছ) নিরাপদ ডিটক্সিফিকেশন শেষে রিল্যাপস প্রতিরোধের প্রশিক্ষণের মাধ্যমে পুনর্বাসনের জন্য লিখিত কাঠামোবদ্ধ দৈনন্দিন ব্যক্তিগত ও দলগত কাজের তালিকা এবং লিখিত প্রোগ্রাম (১২ ধাপ, থেরাপিউটিক কমিউনিটি, নেটওয়ার্ক থেরাপী) অনুসরণ করতে হবে।

জ) কেন্দ্রে ভর্তি থাকাকালীন সময়ে রোগীকে প্রতিদিন পাঁচবার স্বাস্থ্যসম্মত খাবার সরবরাহ নিশ্চিত করতে হবে।

ঝ) ভর্তিকৃত রোগীর কোনোরুপ জরুরী মেডিকেল পরিস্থিতির উদ্ভব হলে যথাযথ ব্যবস্থা গ্রহণের পাশাপাশি আইনগত অভিভাবককে অনতিবিলম্বে জানাতে হবে এবং জানানোর তথ্য রোগীর ফাইলে লিপিবদ্ধ করতে হবে।

**(iii) ছাড়পত্র প্রদানঃ**

ক) ১৪-২৮ দিনের ডিটক্সিফিকেশন অথবা ২-৪ মাসের পুনর্বাসন শেষে রোগীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, আর্থসামাজিক তথ্য, রোগের সংক্ষিপ্ত ইতিহাস ও মূল্যায়ন, প্রদত্ত চিকিৎসা, ডোপ টেষ্ট ও অন্যান্য ইনভেষ্টিগেশন রিপোর্ট এর সারাংশ, ঔষধ, জীবনযাপন সংক্রান্ত পরামর্শ এবং ফলোআপের পরবর্তী তারিখ সম্বলিত লিখিত ছাড়পত্র প্রদান করতে হবে।

খ) রোগীর আইনগত অভিভাবক কোন কারণে রোগীকে নির্ধারিত সময়ের পূর্বেই নিয়ে যেতে চাইলে রোগীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, আর্থসামাজিক তথ্য, রোগের সংক্ষিপ্ত ইতিহাস ও মূল্যায়ন, প্রদত্ত চিকিৎসা, ডোপ টেষ্ট ও অন্যান্য ইনভেষ্টিগেশন রিপোর্ট এর সারাংশ, ঔষধ, জীবনযাপন সংক্রান্ত পরামর্শ, নির্ধারিত সময়ের আগে নিয়ে যাওয়ার কারণ এবং এ কারণে সংঘটিত কোন দুর্ঘটনার দায়মুক্তি সংক্রান্ত ঘোষণা এবং ফলোআপের পরবর্তী তারিখ সম্বলিত লিখিত ছাড়পত্র প্রদান করতে হবে।

**(iv) ফলোআপঃ**

ক) রোগীর ছাড়পত্র প্রদান করার পর কমপক্ষে ১২-১৪ মাস আইনগত অভিভাবকসহ নিয়মিত বিরতিতে পরিকল্পিত (১/২/৩/৪/৬/৮/১২/১৬ সপ্তাহ বিরতিতে) ফলোআপ নিশ্চিত করতে হবে।

খ) ফলোআপের সময়,

- কমপক্ষে ৫ বার ডোপ টেস্ট বা জৈব নমুনায় মাদকের উপস্থিতির পরীক্ষাসহ জীবন-যাপনের বিভিন্ন চলক, অন্য মাদক ব্যবহার ব্যাধিসহ সহঘটমান মানসিক রোগ থাকলে তার মূল্যায়ন করতে হবে।
- কমপক্ষে ৫ বার মনোরোগ বিশেষজ্ঞ অথবা মনোরোগ বিষয়ে কমপক্ষে ১ বছরের প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসকের মাধ্যমে মূল্যায়ন করতে হবে।
- নিয়মিত বিরতিতে ব্যক্তিগত কাউন্সেলিং, দলগত কাউন্সেলিং এ উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- রোগীর নিকটবর্তী নারকোটিকস অ্যানোনিমাস গ্রুপে নিয়মিত উপস্থিতিকে উৎসাহিত করতে হবে।
- ইতিবাচক আনন্দদায়ক কাজে যুক্ত করতে হবে। তবে জুয়া খেলা, পিয়ার কাউন্সেলরদের জন্য বাধ্যতামূলকভাবে উপহার আনা বা রোগীর অভিভাবকদের কাছ থেকে চিকিৎসা ব্যয় ব্যতীত কোনরুপ ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিক সুবিধা নেয়া যাবে না।

**(V) ক্রাইসিস ইন্টারভেনশনঃ**

ক) মাদকাসক্তি নিরাময়/পুনর্বাসন কেন্দ্রে ভর্তিকালীন সময়ে আত্মহত্যার চেষ্টা/ইচ্ছা/প্রবণতা, শারীরিক সহিংসতামূলক আচরণ বা অন্য কোন শারীরিক রোগজনিত জরুরী পরিস্থিতির উদ্ভব হলে ঝুঁকির বিষয়ে যথাসম্ভব দ্রুত রোগীর আইনগত অভিভাবককে জানাতে হবে এবং তথ্য জানানোর প্রমাণক (রোগীর ফাইলে লিপিবদ্ধকরণ) রাখতে হবে।

খ) আত্মহত্যা প্রতিরোধে অন্তঃবিভাগে বাথরুমের শাওয়ার, ভ্যান্টিলেটর, সিলিং ফ্যান, জানালার গ্রীল, ছাদে প্রবেশের দরজার নিরাপত্তা বিধান, ধারালো রড, ফিনাইল-হারপিক জাতীয় কোনরুপ তরল, দড়ি/ট্রাউজারের ফিতা/বেল্ট ইত্যাদির উপস্থিতির বিষয়ে সর্তকতা অবলম্বন করতে হবে এবং প্রাথমিক মূল্যায়নের সময় পরিবারের সদস্যদের এবং রোগীর পূর্বের আত্মহত্যার ইতিহাস নথিভুক্ত করাসহ নিয়মিত বিরতিতে আত্মহত্যার ঝুঁকি নিরুপণ ও চিকিৎসা নথিতে অন্তর্ভুক্ত করতে হবে।

৩১/৫/২০২৩

(মোঃ আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক
ফোন: ০২-২২৬৬৬৪৪০০